ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩০৭৪

বিলোনীয়া, ২৬ সেপ্টেম্বর, ২০২৫

**৯-১১ অক্টোবর বিলোনীয়ায় জুডো স্কুল স্পোর্টস মিট**

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আগামী ৯-১১ অক্টোবর ১৪ বছর, ১৭ বছর এবং ১৯ বছর অনুর্দ্ধ ছেলে ও মেয়েদের রাজ্যভিত্তিক জুডো স্কুল স্পোর্টস মিট বিলোনীয়া মহকুমার ঋষ্যমুখ ইন্ডোর হলে অনুষ্ঠিত হবে। এই স্পোর্টস মিট কে সার্থক রূপ দেওয়ার লক্ষ্যে আজ বিলোনীয়া সার্কিট হাউসে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। এছাড়াও উপস্থিত ছিলেন জিলা পরিষদের সহকারি সভাধিপতি তপন দেবনাথ, ঋষ্যমুখ পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শম্ভুনাথ কর, ঋষ্যমুখ ব্লকের বিডিও মোঃ নুরুল ইসলাম, সমাজসেবী দীপায়ন চৌধুরী, ক্রীড়া দপ্তরের জেলা আধিকারিক মিহির শীল সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

******